মহেশপুর সীমান্ত থেকে ফেন্সিডিল ও ২ কেজি গাঁজা উদ্ধার

ঝিনাইদহের মহেশপুর সীমান্ত থেকে ২৪ বোতল ভারতীয় ফেন্সিডিল এবং ২ কেজি গাঁজা উদ্ধার করেছে বিজিবি।

মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)’র সহকারী পরিচালক মুন্সী ইমদাদুর রহমান স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান।

মঙ্গলবার (৯ সেপ্টেম্বর) বেলা সাড়ে ৪টার দিকে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ মাধবখালী বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত ৭১/২-এস হতে আনুমানিক ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে ধোপাখালী গ্রামের মোঃ আলিম হোসেনের আম বাগানের মধ্যে হতে হাবিলদার শ্রী ভবতোষ কুমার বিশ্বাস এর নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আসামীবিহীন ২৪ বোতল ভারতীয় ফেন্সিডিল এবং ২ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

ঝিনাইদহে মানবাধিকার লঙ্ঘন বিষয়ক প্রতিবেদন উপস্থাপন সভা

আওয়ামী ফ্যাসিবাদ আমলে ঝিনাইদহে মানবাধিকার লঙ্ঘন বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার বিকেলে ঝিনাইদহ শহরের আলহেরা বাইপাস এলাকার একটি মিলনায়তনে এ সভার আয়োজন করে শহর ও জেলা শিবির।

আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিবিরের কেন্দ্রীয় মানবাধিকারা বিষয়ক সম্পাদক সিফাত উল আলম, বিশেষ অতিথি ছিলেন জেলা জামায়াতের আমীর আলী আযম মো. আবু বকর, জেলা শিবির সভাপতি আরিফ হোসেন,

সেক্রেটারি ওবাইদুর রহমানসহ গুম ও কারাভোগী নেতাকর্মীরা।

বক্তারা অভিযোগ করেন, আওয়ামী সরকারের সময় মানবাধিকার ব্যাপকভাবে লঙ্ঘিত হয়েছে। তারা বলেন, বিরোধী দলের নেতাকর্মীদের ওপর পুলিশি নির্যাতন, গুম করে মাসের পর মাস অমানবিক আচরণ এবং ক্রসফায়ারের নামে শিবিরের নেতাদের হত্যার ঘটনা বারবার ঘটেছে।

বক্তারা এসব অপরাধের সাথে জড়িত পুলিশ সদস্যসহ সকলকে বিচারের আওতায় আনার দাবী জানান।

অনুষ্ঠানটি পরিচালনা করেন ঝিনাইদহ শহর শাখা ও জেলা শাখার সেক্রেটারি পারভেজ ও ওবাইদুর রহমান। সভায় আওয়ামী ফ্যাসিবাদ আমলে ঝিনাইদহে গুম, খুন এবং মামলা হামলার শিকার নেতাকর্মীদের অবর্ণনীয় কারানির্যাতনের লিখিত পরিসংখ্যান উপস্থাপন করা হয়।

সভায় প্রধান অতিথি বলেন, সব হত্যাকান্ডের পূর্ণাঙ্গ ও নিরপেক্ষ তদন্ত করতে হবে, এ ঘটনায় জড়িত পুলিশ সদস্য ও সংশ্লিষ্ট ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। হত্যাকাণ্ডের শিকার পরিবারগুলোর উপযুক্ত ক্ষতিপূরণ দিতে হবে, ভবিষ্যতে গুম ও বিচার বহির্ভূত হত্যাকাণ্ড বন্ধে কঠোর আইন ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।

ঝিনাইদহে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কর্মশালা

সরকারি স্বাস্থ্যসেবা সহজলভ্য করে গর্ভকালীন মাতৃ মৃত্যুহার, অপুষ্টি জনিত শিশু মৃত্যুর হার কমানোসহ সংক্রামক রোগের সংক্রমন প্রতিরোধে ঝিনাইদহে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

রোববার (৭ সেপ্টেম্বর) সকালে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলনায়তনে এ কর্মশালার আয়োজন করে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন

(এসডিএফ)।

এতে হরিণাকুন্ডু উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা.আলমগীর হোসেন, পরিবার পরিকল্পনা কর্মকর্তা নাছরীনসহ এসডিএফ’র জেলা ব্যবস্থাপক মাহমুদ হাসান, জেলা স্বাস্থ্য ও পুষ্টি কর্মকর্তা ডা. অনুদীপা রানী, আইটি এন্ড এসআইএস মো. সাদ আহম্মেদ, ক্লাস্টার অফিসার বাণী বৈরাগীসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

উপজেলা পর্যায়ের স্বাস্থ্য বিভাগের সরকারি প্রতিনিধি ও এসডিএফ-এর কর্মকর্তাদের অংশগ্রহণে আয়োজিত এ কর্মশালায় পুষ্টি ও স্বাস্থ্যসেবা সহজলভ্য করার বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক তুলে ধরা হয়। কর্মশালায় এসডিএফ-এর পক্ষ থেকে খাদ্য ও পুষ্টি, অপুষ্টিজনিত সমস্যার প্রতিকার, কিশোর-কিশোরীদের পুষ্টির গুরুত্ব, ইপিআই কর্মসূচির মাধ্যমে রোগ প্রতিরোধ, স্বাস্থ্যসম্মতভাবে হাত ধোয়ার অভ্যাস এবং বসতভিটায় পুষ্টিবাগান স্থাপনের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার বিষয়গুলো বিশেষভাবে উপস্থাপন করা হয়। কর্মশালাটি সংশ্লিষ্টদের মধ্যে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে সচেতনতা বাড়াতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

কর্মশালায় অংশগ্রহণকারীদের এসব গুরুত্বপূর্ণ বিষয়ে সচেতন করার পাশাপাশি বাস্তব জীবনে তা প্রয়োগ করার জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়।

হরিণাকুণ্ডুতে নিখোঁজের ৫ দিন পর যুবকের অর্ধ গলিত লাশ উদ্ধার

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলায় নিখেজের ৫দিন পর এক যুবকের অর্ধগলিত লাশ উদ্ধার করেছে পুলিশ। উপজেলার ভায়না ইউনিয়নের লক্ষ্মীপুর গ্রামের চাঁদ আলী মন্ডলের ছেলে মোঃ মিলন হোসেন (১৯) গত ১ সেপ্টেম্বর থেকে নিখোঁজ ছিল এবং আজ শনিবার গ্রামের পান বরজের পাশে হলুদ ক্ষেতের মধ্যে তার অর্ধগলিত লাশ পাওয়া যায়।

স্বজন এবং পুলিশ সূত্রে জানা যায়, গত ১সেপ্টেম্বর সন্ধ্যা ৭টার দিকে লক্ষীপুর জামে মসজিদে নামাজ পড়ার উদ্দেশ্যে বের হয় মিলন পরে আর বাড়িতে ফিরে না আসার কারনে পরিবারের লোকজন বিভিন্ন জায়গাতে খোঁজ-খবর নিতে থাকে এবং কোথাও খুজে পায় নাই।

অনেক খোজাখুজির পর আজ শনিবার দুপুর আড়াইটার দিকে রহিম, মাসুমসহ বেশ কয়েকজন শ্রমিক তাদের নিজ গ্রামের মাঠে পানের বরজে কাজ করতে গিয়ে পার্শ্ববর্তী হলুদ ক্ষেত থেকে পঁচা দুর্গন্ধ পায়। তারা গন্ধের উৎস খুঁজতে হলুদের খেতে গিয়ে ভিকটিমের অর্ধ গলিত লাশ দেখতে পেয়ে চিৎকার করলে ভিকটিমের পিতা ও পরিবারের সদস্যগণ লাশ চিহ্নিত করে।

পরে খবর পেয়ে ঘটনাস্থলে থানা পুলিশ উপস্থিত হয়ে আইনগত কার্যক্রম গ্রহণ শেষে মৃত লাশের ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়।

এবিষয়ে হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শহিদুল ইসলাম জানান, খবর পাওয়রে সাথে সাথে পুলিশ পাঠিয়ে ছিলাম, গত কয়েকদিন আগে থেকেই মিলন নিখোঁজ ছিল, থানায় জিডি করার পর আমরা খোজ রাখছিলাম, আজ মাঠে কিছু শ্রমিক ক্ষেতে কাজ করতে গিয়ে দুপুরে দুর্গন্ধ পেয়ে লাশটি শনাক্ত করে। আমরা মামলা নিয়েছি, বিষয়টি ক্ষতিয়ে দেখছি দোষিদের খুজে বের করার চেষ্টা চলছে।

কোটচাঁদপুরে যৌথ বাহিনীর অভিযানে গুলিসহ রিভলবার উদ্ধার

ঝিনাইদহের কোটচাঁদপুরে সেনাবাহিনী ও থানা পুলিশের যৌথ অভিযানে একটি বিদেশি রিভলবার ও তিন রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ১১টার দিকে উপজেলার কুশনা ইউনিয়নের রঘুনাথপুর গ্রামের একটি আমবাগান থেকে অস্ত্র ও গুলি উদ্ধার করা হয়।

সেনাবাহিনীর ক্যাপ্টেন রাতুল ত্রিপুরার নেতৃত্বে এবং কোটচাঁদপুর

মডেল থানার এসআই ওমর ফারুকের উপস্থিতিতে অভিযান চালানো হয়। স্থানীয়দের দেওয়া তথ্যের ভিত্তিতে আমবাগানে অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় একটি রিভলবার এবং তিন রাউন্ড গুলি উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া রিভলবারে ‘মেড ইন ইন্ডিয়া’ লেখা রয়েছে।

অভিযান পরিচালনাকারী কর্মকর্তারা জানান, প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে কোনো চক্র অপরাধমূলক কাজে ব্যবহারের জন্য অস্ত্রটি বাগানে লুকিয়ে রেখেছিল। তবে কারা এ অস্ত্র-গুলি রেখেছে তা এখনো জানা যায়নি।

এ বিষয়ে কোটচাঁদপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর বলেন, উদ্ধার হওয়া অস্ত্র ও গুলি থানায় আনা হয়েছে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

স্থানীয় কয়েকজন বাসিন্দা জানান, রঘুনাথপুর গ্রামে অতীতে ছোটখাটো সংঘর্ষের ঘটনা ঘটেছে। তবে এ ধরনের ভারী অস্ত্র উদ্ধারের ঘটনায় তারা উদ্বেগ প্রকাশ করেছেন।

এ ঘটনায় এলাকায় চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। সেনাবাহিনী ও পুলিশ যৌথভাবে তদন্ত চালাচ্ছে বলে জানা গেছে।

কোটচাঁদপুরে এক কাপড় ব্যবসায়ীর আত্মহত্যা

মাথায় বন্দুক ঠেকিয়ে গুলি করে কোটচাঁদপুরে নজরুল ইসলাম (৭০) নামের এক ব্যবসায়ী আত্মহত্যা করেছেন। গতকাল বৃহস্পতিবার রাতে কোটচাঁদপুরের সলেমানপুর কারিগর পাড়ায় এ ঘটনা ঘটে।

জানা যায়, গতকাল বৃহস্পতিবার রাতে খাবার খেয়ে শোবার ঘরে চলে যান নজরুল ইসলাম । এরপর রাতের কোন এক সময় তাঁর নিজের লাইসেন্সকৃত দো-নালা বন্ধুক নিয়ে তাঁর শোবার ঘর থেকে ভবনের নিচের একটি ঘরে যান। পরে ওই বন্ধুক মাথায় ঠেকিয়ে গুলি করেন। আর ঘটনাস্থলেই মারা যান তিনি।

এর আগে মোবাইলে শেষ কথা হয়েছিল প্রতিবেশী আলাউদ্দিনের সঙ্গে নজরুল ইসলামের। তিনি বলেন, গতকাল বৃহস্পতিবার রাত তখন ১ টা থেকে দেড় টা বাজে। হঠাৎ ফোন বাজে। রিসিভ করতেই বলেন, বন্ধুকে আমার গুলি ভরা হয়ে গেছে। তুই একটু ৯৯৯ কল কর। এরপর কলটি কেটে দেন তিনি। এ খবরে ওই রাতেই আমি ছুটে আসি নজরুল ইসলামের বাড়িতে। তবে বাড়ির প্রধান ফটক বন্ধ থাকায় ভিতরে যেতে পারিনি। তবে অনেক বার নজরুল ইসলাম ও তাঁর ছেলে ইয়াসির আরাফাতের মোবাইলে কল করি। এরপর তাদের কোনো সাড়া না পেয়ে বাড়িতে চলে যায়। আর আজ শুক্রবার সকালে জানতে পারি মৃত্যুর খবর।

পারিবারিক সুত্রে জানা যায়, ভোর রাতে ছেলে ইয়াসির আরাফাত পিতাকে শোবার ঘরে দেখতে না পেয়ে খুজতে থাকেন। এরপর নিচের ঘরে রক্তাত্ব অবস্থায় পড়ে থাকতে দেখেন। তবে মৃত্যুর কারণ সম্পর্কে তিনি কিছু বলতে পারেননি।

নজরুল ইসলাম (নজু) ছিলেন, কোটচাঁদপুরের সলেমানপুর কারিগর পাড়ার মৃত আব্দুর রহিম বিশ্বাসের ছেলে। ৮ ভাই বোনের মধ্যে তিনি ছিলেন দ্বিতীয়। আর সংসার জীবনে তিনি ছিলেন ৩ ছেলে মেয়ের জনক। পেশায় তিনি ছিলেন কাপড়ের ব্যবসায়ী। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহের মর্গে পাঠিয়েছেন।

এ ব্যাপারে কোটচাঁদপুর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মুন্না মিয়া বলেন, আমরা জানতে পেরেছি ব্যাংকে লোন ছিল ওনার। সে কারণে হয়তো ওনি আত্মহত্যা করতে পারেন বলে প্রাথমিকভাবে ধারনা করা হচ্ছে। বিষয়টি নিয়ে তদন্ত শুরু হয়েছে। তদন্তের পর এ আত্মহত্যার কারণ বলা সম্ভব হবে বলে জানিয়েছেন তিনি।

মহেশপুরে ৪ বছরের শিশু ধর্ষণের শিকার

ঝিনাইদহের মহেশপুর উপজেলার আদমপুর গ্রামের আবাসন প্রকল্পে চার বছরের এক শিশু ধর্ষণের শিকার হয়েছে। ওই ঘটনায় স্থানীয়রা অভিযুক্ত কিশোর রাকিব হোসেন (১৬) নামের এক কিশোরকে আটক করে পুলিশের

কাছে সোপর্দ করেছে।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গতকাল বৃহস্পতিবার বিকেলে ওই শিশুটি তার বন্ধুদের সাথে খেলছিল। এসময় একই এলাকার বাবু হোসেনের ছেলে রাকিব হোসেন শিশুটিকে চকলেট খাওয়ানোর লোভ দেখিয়ে বাড়ির পাশের একটি ভুট্টা ক্ষেতে নিয়ে যায়। সেখানেই সে শিশুটিকে ধর্ষণ করে।

ধর্ষণের পর শিশুটি কাঁদতে কাঁদতে বাড়ি ফিরে আসলে। তার পরনের পোশাকে রক্তের দাগ দেখে পরিবারের সদস্যরা বিষয়টি বুঝতে পারেন। সেসময় পরিবারের লোকজন দ্রুত তাকে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে প্রাথমিক চিকিৎসার পর উন্নত চিকিৎসার জন্য তাকে ঝিনাইদহ জেলা সদর হাসপাতালে রেফার্ড করে। বর্তমানে শিশুটি সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আছে।

এ ঘটনার পর স্থানীয় জনতা ক্ষোভে ফেটে পড়ে এবং অভিযুক্ত রাকিবকে ধরে পুলিশের হাতে সোপর্দ করা হয়।

মহেশপুর ও কোটচাঁদপুর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার মুন্না বিশ্বাস আজ শুক্রবার সকালে জানান, স্থানীয় জনতা অভিযুক্ত রাকিবকে ধরে আমাদের সদস্যদের হাতে সোপর্দ করেছে। তবে এই ঘটনায় মামলা দায়েরের প্রক্রিয়া চলমান আছে এবং শিশুটির মেডিকেল পরীক্ষার পর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

কোটচাঁদপুরে গলায় ফাঁস দিয়ে যুবকের মৃত্যু

গলায় ফাঁস দিয়ে শিমুল হোসেন (১৯) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। সে কাগমারী গ্রামের জাহাঙ্গীর হোসেনের ছেলে। আজ বৃহস্পতিবার কোটচাঁদপুর থানা পুলিশ তাঁর লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠিয়েছেন।

জানা যায়, কোটচাঁদপুরের কাগমারী গ্রামের জাহাঙ্গীর হোসেনের



ছেলে শিমুল হোসেন (১৯)। সে কোটচাঁদপুর মেইন বাসস্ট্যান্ডের শওকত আলীর ওয়েলডিং কারখানায় কাজ করেন। পেশায় সে ওয়েলডিং মিস্ত্রি। শিমুল রাতে প্রতিনিয়ত দেরিতে ফেরেন। আর কাজ করে টাকা পযসার কোন হিসাব দেন না বাড়িতে।

এ নিয়ে গতকাল বুধবার রাতে শিমুল বাড়িতে ফিরলে, তাঁর পিতার সঙ্গে বাকবিতন্ডা হয়। সে ক্ষোভে শিমুল রাতের খাবার খেয়ে তাঁর শোবার ঘরে শুয়ে পড়েন। এরপর রাতে কোন এক সময় তাঁর শোবার ঘরের বাশের সঙ্গে গামছা দিয়ে গলায় ফাঁস দেন।

আজ বৃহস্পতিবার সকালে তাঁর ঝুলন্ত লাশ দেখতে পান শিমুলের ভাবী বন্যা খাতুন। লাশ দেখে সে চিৎকার দিলে স্থানীয়রা ছুটে আসেন। পরে তাঁর লাশ উদ্ধার করা হয়। খবর পেয়ে থানা পুলিশ লাশটি ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠিয়েছেন।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর বলেন, খবর পেয়ে লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ মর্গে পাঠানো হয়েছে। রিপোর্টে তেমন কিছু পেলে ব্যবস্থা নেয়া হবে। এখন থানায় অপমৃত্যুর মামলা হয়েছে।

ঝিনাইদহে ব্যবসায়ীর হাত-পা বাঁধা অর্ধগলিত মরদেহ উদ্ধার

ঝিনাইদহ সদর উপজেলার মহারাজপুর
ইউনিয়নের কেশবপুর গ্রাম থেকে
তোয়াজ উদ্দিন শেখ (৫২) নামের এক
ব্যবসায়ীর অর্ধগলিত মরদেহ নিজ
বাসা থেকে উদ্ধার করেছে পুলিশ।
তিনি ওই গ্রামের হারিস আলী শেখের
ছেলে।

বুধবার (৩ সেপ্টেম্বর) রাত ৮টার দিকে কেশবপুর গ্রামের তার নিজ বাড়ির একটি তালাবদ্ধ ঘর থেকে মরদেহটি উদ্ধার করে পুলিশ।

পুলিশ ও স্থানীয়রা জানান, বুধবার বিকেলে তোয়াজ উদ্দিনের ঘর থেকে দুর্গন্ধ বের হলে স্থানীয়রা তার স্বজনদের খবর দেন। পরে স্বজনরা জানালা দিয়ে তার মরদেহ দেখতে পেয়ে পুলিশকে খবর দেন। পুলিশ এসে ঘরের তালা ভেঙে হাত-পা বাঁধা মরদেহটি উদ্ধার করে।

তার শরীরের বিভিন্ন জায়গায় আঘাতের চিহ্ন রয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে এটি উদ্দ্যেশ মূলক হত্যাকান্ড। এদিকে ঘরের দেয়ালে একটি চিরকুট লেখা দেখে মানুষের ধারণা নানা ভাবে ঘুরপাক খাচ্ছে। তাতে লোখা আছে ‘তাকে মারার কারণ সে মুহাম্মদ (সা:) কে গালি দিসে তাঁর নামে খারাপ কথা বলেছে। আল্লাহু আকবার। এনিয়ে পুলিশের মাঝেও চলছে বিভিন্ন রকমের প্রতিক্রিয়া তবে সবকিছু তদন্ত সাপেক্ষে বেরিয়ে বলে তাদেও ধারণা

প্রতিবেশিরা জানান, নিহত তোয়াজ উদ্দিন শেখ ঢাকায় বসবাস করতেন গত সপ্তাহে ঢাকা থেকে গ্রামের বাড়িতে আসেন। স্ত্রী-সন্তান না থাকায় তিনি গ্রামের বাড়িতে একাই বসবাস করতেন। সবশেষ গত সোমবার গ্রামের অনেকের সঙ্গে তার দেখা হয়েছে বলে বলেছেন। তারপর থেকে কেউ আর তাকে রাস্তাঘাটে দেখতে পাননি।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল্লাহ আল মামুন জানান, প্রাথমিকভাবে হত্যাকান্ড হিসেবে আমরা ধারণা করছি। সুরতহাল শেষে মরদেহ মর্গে পাঠানো হবে। তদন্তের পরে হত্যাকান্ডের প্রকৃত কারণ জানা যাবে।

কোটচাঁদপুরে বিদ্যুতের তারে জড়িয়ে গরুসহ কৃষকের মৃত্যু, আহত ১

ঝিনাইদহের কোটচাঁদপুরে ড্রাগন ক্ষেতে শেয়াল প্রবেশ ঠেকাতে বেড়া দেওয়া বিদ্যুতের তারে জড়িয়ে একটি গরুসহ শাহাদত হোসেন নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। আহত হয়েছে ইকতার হোসেন নামের আরও একজন।

বৃহস্পতিবার সকালে উপজেলার তারসার গ্রামে এ ঘটনা ঘটে। মৃত শাহাদত হোসেন ওই গ্রামের মৃত আমীর আলীর ছেলে।

স্থানীয় পল্লী চিকিৎসক মশিউর রহমান জানান, তালসার গ্রামের একটি ড্রাগন ফলের বাগান রক্ষার জন্য মালিক আজিজুল হক জমির চারপাশে বৈদ্যুতিক তার পেঁচিয়ে রাখেন।

বৃহস্পতিবার সকালে শাহাদত হোসেন নিজের জমি চাষ করতে একই গ্রামের চাষি ইকতার হোসেনকে নিয়ে মাঠে যান। জমি চাষের সময় বিদ্যুতের তার গরুর পায়ে পেচিয়ে গেলে গরুটি পড়ে যায়।

সেসময় শাহাদত ও কৃষক ইকতার গরুটি তুলতে গেলে তারা বিদ্যুতায়িত হয়। এতে ঘটনাস্থলেই শাহাদত হোসেন ও একটি গরু মারা যায়। আহত হয় ইকতার। সেখান থেকে তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

কোটচাঁদপুর মডেল থানা ওসি কবির হোসেন মাতুব্বর মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে বলেন, ড্রাগন বাগানের মালিক আজিজুল হক পলাতক রয়েছেন। তাকে আটকের চেষ্টা চলছে।